উদয়নকে নাকানি চোবানি খাওয়ালো বামনপাড়া বটতলা

উদয়ন ক্লাবের জালে ১৬ টি গোল ঢুকিয়ে নাকানি চোবানি খাওয়ালো বামনপাড়া বটতলা একাদশ। ১৬ টি গোলের জবাবে উদয়ন ক্লাব পরিশোধ করে মাত্র ৬ টি গোল। ফলে বড় ব্যবধানে জয় তুলে নিলো বামন পাড়া বটতলা একাদশ।

গতকাল সোমবার বিকালে মেহেরপুর জেলা ক্রীড়া সংস্থার উদ্যোগে মেহেরপুর স্টেডিয়াম মাঠে অনুষ্ঠিত কিউট প্রথম বিভাগ হ্যান্ডবল লীগে বামনপাড়া বটতলা একাদশ এ ঘটনা ঘটায়।

খেলায় বামন পাড়া বটতলা একাদশের আজিজুল ৬টি, রাব্বি ৩টি, আরিফুল ৩টি, নয়ন ২টি, রাজু ২টি এবং উদয়নের আরিফুল ৪টি, রাসেল ১টি এবং তৌফিক ১টি গোল করেন।
খেলাটি পরিচালনা করেন কামাল হোসেন মিন্টু। সহকারি রেফারি হিসেবে দায়িত্ব পালন করেন ফারা হোসেন লিটন ও আব্দুল কুদ্দুস।

- ক্রিড়া প্রতিবেদক

মেহেরপুরে ছহিউদ্দিন স্মৃতি ফুটবলে বিশ্বনাথপুর সেমিফাইনালে

মেহেরপুর সদর উপজেলার আশরাফপুর জনকল্যাণ ক্লাবের উদ্যোগে আশরাফপুর মাঠে অনুষ্ঠিত ছহিউদ্দিন স্মৃতি ফুটবল টুর্নামেন্টে বিশ্বনাথপুর একাদশ সেমিফাইনালে খেলার যোগ্যতা অর্জন করেছে।

গতকাল সোমবার বিকালে অনুষ্ঠিত কোয়াটার ফাইনাল খেলায় বিশ্বনাথপুর একাদশ ১-০ ভগিরাতপুর একাদশকে পরাজিত করে। জুয়েল খেলার প্রথমার্ধে জয়সূচক গোলটি করেন।

- নিজস্ব প্রতিনিধি

মুজিবনগরে দৈনিক সময়ের সমীকরন পত্রিকার প্রতিষ্ঠা বার্ষিকী

গতকাল রোববার বিকাল সাড়ে ৪ টায় মেহেরপুরের মুজিবনগর প্রেস ক্লাবের অফিসে চুয়াডাঙ্গা থেকে প্রকাশিত ঈর্ষান্বিত সাফল্যের শীর্ষে দৈনিক সময়ের সমীকরণের প্রতিষ্ঠাবার্ষিকী পালিত হয়েছে।

মুজিবনগর ব্যুরো প্রধান মুনশী মোকাদ্দাসে হোসেনের সভাপতিত্বে এ অনুষ্ঠানে প্রেসক্লাবের সভাপতি মুন্সি ওমর ফারুক প্রিন্স কেক কেটে প্রতিষ্ঠাবার্ষিকীর উদ্বোধন ঘোষণা করেন।

এসময় বিভিন্ন সংবাদমাধ্যমের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। পত্রিকার দীর্ঘায়ু কামনা করে বক্তব্য রাখেন মেহেরপুর প্রতিদিন মুজিবনগরে ব্যুরো প্রধান রেজাউল করিম রেজা, মেহেরপুরের চোখ অনলাইন পত্রিকার প্রতিনিধি সোহাগ মন্ডল, দৈনিক অধিকার পত্রিকার জেলা প্রতিনিধি শাকিল রেজা।

সবশেষে দৈনিক সময়ের সমীকরণ এর সকল পাঠক, গ্রাহক শুভানুধ্যায়ীর জন্য দোয়া কামনা করে বিশেষ মোনাজাত করা হয়।

- মুজিবনগর অফিস

প্রশিক্ষণ স্থলে গিয়ে পাওয়া

যায়নি প্রশিক্ষক ও প্রশিক্ষণার্থীদের, সরকারি অর্থ তছরুপে নানা কৌশল

চুয়াডাঙ্গা জেলা ক্রীড়া অফিসের আয়োজনে চলমান শিশুদের সাঁতার প্রশিক্ষণ নিয়ে নানা অনিয়মের অভিযোগ উঠেছে। অনেকটা সংগোপনে চলা এ কার্যক্রমের সত্যতা যাচাই করতে গিয়ে পাওয়া যায়নি এর প্রশিক্ষণ ও প্রশিক্ষণার্থীদের। নোংরা অস্বাস্থ্যকর পরিবেশে সাঁতার প্রশিক্ষণের আয়োজন করায় স্থানীয়রা ক্ষোভ প্রকাশ করেছে।

অনুসন্ধানে জানা যায়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের যুব ও ক্রীড়া মন্ত্রনালয়ের ক্রীড়াপরিদপ্তরের অর্থায়ণে তৃণমুল পর্যায়ে ক্রীড়া উন্নয়নের লক্ষ্যে জেলা ক্রীড়া অফিসের মাধ্যমে বিভিন্ন ক্রীড়া কর্মসূচী ও প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হয়ে থাকে।

চুয়াডাঙ্গা জেলা ক্রীড়া অফিসের মাধ্যমেও এমন প্রশিক্ষণ প্রদান করার কথা রয়েছে। এ কার্যক্রমের অংশ হিসেবে চুয়াডাঙ্গার নিভৃত পল্লী মাখালডাঙ্গা চলছে মাসব্যাপি সাঁতার প্রশিক্ষণ। কর্তৃপক্ষের মতে গত ৩০ অক্টোবর এ কার্যক্রম শুরু হলেও কয়েক দফা প্রশিক্ষণস্থলে গিয়ে প্রশিক্ষক ও প্রশিক্ষণার্থীদের দেখা পাওয়া যায়নি।

স্থানীয়রা জানায়, মাঝে মাঝে মাখালডাঙ্গা-দ্বীননাথপুর বিদ্যালয়ের শিক্ষার্থীদের নিয়ে প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। তবে সাঁতার প্রশিক্ষণের জন্য যে পুকুর নির্বাচন করা হয়েছে তা একেবারে নোংরা ও অস্বাস্থ্যকর। এতে শিশুরা অসুস্থ হতে পারে।

অভিযানে জানা গেছে, চুয়াডাঙ্গা জেলা ক্রীড়া অফিসার আমিনুল্লাহ আহম্মেদ চুয়াডাঙ্গায় যোগদানের পর থেকেই নানা অনিয়মের সাথে জড়িয়ে পড়েন। প্রশাসনের স্থানীয় কর্মকর্তাদের সাথে আলোচনা না করেই তিনি নিজের ইচ্ছে মত প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করছেন।

এমনকি তার অফিসের অফিস সহকারী ওসমান খানকেও অন্তরালে রেখে সরকারি অর্থ তছরুপ করে নামকাওয়াস্তে প্রশিক্ষণ পরিচালনা করছেন।

গত ৩০ অক্টোবর চুয়াডাঙ্গা জেলা ক্রীড়া অফিসার নিজেই এ

প্রশিক্ষণের উদ্বোধন করে। এসময় জেলা ও উপজেলা প্রশাসনের কাউকেই সেখানে দেখা যায়নি। আবার আগামী ২৬ নভেম্বর অনেকটা সঙ্গোপনেই তিনি এ কার্যক্রমের সমাপ্তি টানতে যাচ্ছেন বলে তথ্য পাওয়া গেছে।

সাংবাদিকদের নিকট জেলা ক্রীড়া অফিসার আমিনুল্লাহ আহম্মেদ জানান, ৩২ হাজার ৮০০ টাকা ব্যয়ে প্রশিক্ষণ কার্যক্রমটি পরিচালনা করা হচ্ছে। প্রতি মাসেই কোন না কোন ক্রীড়ার প্রশিক্ষণ কার্যক্রম চলমান থাকে। সেসব প্রশিক্ষণ বিষয়ে খোঁজ-খবর নেওয়া হয় কি না সে বিষয়ে তিনি কিছু বলতে চান নি।

অভিযানে আরো জানা গেছে, মাখালডাঙ্গা-দ্বীননাথপুর মাধ্যমিক বিদ্যালয়ের ৩০ জন শিক্ষার্থীকে সাঁতারের বিভিন্ন কৌশল শেখানো হচ্ছে। যে কয়দিন প্রশিক্ষণ দেওয়া হয়েছে সে কয়দিন প্রশিক্ষনার্থীদের মাথা-পিচু নাস্তা বাবদ দেওয়া হয়েছে ১০-১২ টাকা করে। প্রশিক্ষণ শেষে প্রশিক্ষককে দেওয়া হবে ১ হাজার ৫০০ টাকা।

ভেন্যু ভাড়া (পুকুর) দেওয়া হবে ৫০০ টাকা। এছাড়া বাকি টাকা কিভাবে খরচ হবে তার কোন ব্যাখ্যা দিতে চাননি ওই ক্রীড়া অফিসার।

এহসান নামে এক প্রশিক্ষনার্থীর অভিভাবক জানান, খুব বেশী হলেও ৫-৬ দিন মত প্রশিক্ষণ দেওয়া হয়েছে। যে দিন প্রশিক্ষণ হয় সেদিন ১০-১৫ জন মত ছাত্র উপস্থিত থাকে। অপর একটি সুত্রে জানা গেছে, সাঁতারের কৌশল তাদেরই শেখানো হয় যারা সাঁতার জানে। কিন্তু যাদের প্রশিক্ষণ দেওয়া হচ্ছে তাদের কেউ-ই ভালমত সাঁতার জানেন না। তাহলে নামকাওয়াস্তে সাঁতার প্রশিক্ষণের নামে সরকারি টাকা তছরুপ করা ছাড়া আর কিছুই হচ্ছে না।

নাম প্রকাশ না করার শর্তে একজন ব্যবসায়ী জানান, সম্প্রতি অনুষ্ঠিতব্য বঙ্গবন্ধু -বঙ্গমাতা জাতীয় গোল্ডকাপ (বালক-বালিকা) অনূর্ধ-১৭ (২০১৯) ফুটবল প্রতিযোগিতায় খেলোয়াড়দের জার্সি, প্যান্ট, হুজ, বল ও জুতা ক্রয় বাবদ অনেক টাকা ঘাপলা করেছেন জেলা ক্রীড়া অফিসার আমিনুল্লাহ আহম্মেদ।

তিনি যে দোকান থেকে মালামাল ওর্ডার দিয়েছিলেন সে টাকা পুরোপুরি পরিশোধ না করে মূল টাকা থেকে ১০ হাজার টাকা কম দিয়েছিলেন। একই সাথে আরো ১০ হাজার টাকার বেশী ভাওচার করে দিতে বললে সেই ব্যবসায়ী তাকে কোন বিল ভাওচার দেননি। পরে অন্য জায়গা থেকে বিল ভাওচার নিয়ে ভুয়া বিল-ভাওচার দাখিল করে অনেক টাকা আতœসাৎ করেছেন ওই কর্মকর্তা।

বিষয়টি তদন্ত করলে থলের বিড়াল বেরিয়ে আসবে। উপেরোক্ত বিষয়গুলো তদন্তপূর্বক ব্যবস্থা নিলে চুয়াডাঙ্গা জেলা ক্রীড়া অফিসার আমিনুল্লাহ আহম্মেদের আসল চেহারা বেরিয়ে আসবে বলে মনে করছেন সচেতন মহল।

- চুয়াডাঙ্গা প্রতিনিধি

মেহেরপুর জেলা ব্যাডমিন্টনে হরিরামপুর ও চকশ্যামনগর চ্যাম্পিয়ন

মেহেরপুর জেলা ক্রীড়া অফিসের বার্ষিক ক্রীড়া কর্মসূচীর আওতায় মেহেরপুর সদর উপজেলার হরিরামপুর মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে অনুষ্ঠিত ছেলেদের ব্যাডমিন্টন এককে হরিরামপুর মাধ্যমিক বিদ্যালয় এবং দ্বৈতে চকশ্যামনগর মাধ্যমিক বিদ্যালয় চ্যাম্পিয়ন হয়েছে।

গতকাল রবিবার বিকালে অনুষ্ঠিত ব্যাডমিন্টন এককের ফাইনালে হরিপুর মাধ্যমিক বিদ্যালয় ২-০ শালিকা মাধ্যমিক বিদ্যালয়কে পরাজিত করে।

একই মাঠে অনুষ্ঠিত ব্যাডমিন্টন দ্বৈতে চক শ্যামনগর মাধ্যমিক বিদ্যালয় ২-১ সেটে হরিরামপুর মাধ্যমিক বিদ্যালয়কে পরাজিত করে।

এদিকে একই মাঠে অনুষ্ঠিত ব্যাডমিন্টন একক বালিকায় চকশ্যামনগর মাধ্যমিক বিদ্যালয় এবং দ্বৈতে হরিরামপুর মাধ্যমিক বিদ্যালয় চ্যাম্পিয়ন হয়েছে।

ব্যাডমিন্টন একক বালিকাই চকশ্যামনগর মাধ্যমিক বিদ্যালয় ২-০ সেটে আর আর মাধ্যমিক বিদ্যালয় কে পরাজিত করে। এদিকে ব্যাডমিন্টন বালিকা দ্বৈতে হরিরামপুর মাধ্যমিক বিদ্যালয় ২-০সেটে চকশ্যামনগর মাধ্যমিক বিদ্যালয়কে পরাজিত করে।

খেলা শেষে মেহেরপুর জেলা যুব উন্নয়ন অধিদপ্তরের উপ-পরিচালক ফিরোজ আহমেদ বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।

হরিরামপুর মাধ্যমিক বিদ্যালয় প্রধান শিক্ষক আনাজ আলীর সভাপতিত্বে পুরস্কার বিতরণী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বুড়িপোতা ইউনিয়নের চেয়ারম্যান শাহ জামাল।

বক্তব্য রাখেন জেলা ক্রীড়া অফিসার আরিফ আহমেদ, ক্রীড়া শিক্ষক আব্দুল কুদ্দুস, ইসরাফিল হোসেন, আখতারুজ্জামান, ফোরকান আলী, জাহাঙ্গীর হোসেন প্রমুখ।

- নিজস্ব প্রতিনিধি

এসএসসি পরীক্ষায় সিসি ক্যামেরার ব্যবহার শীর্ষক সভা

মেহেরপুরের গাংনীতে আসন্ন এসএসসি পরীক্ষায় সিসি ক্যামেরার ব্যবহার সংক্রান্ত সভা অনুষ্ঠিত হয়েছে।
গতকাল রোববার বিকাল ৩ টার সময় উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা পরিষদ মিলানয়তনে এ সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান’র সভাপতিত্বে সভায় উপস্থিত ছিলেন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মীর হাবিবুল বাসার, সহ-উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মনিরুল ইসলাম, একাডেমিক সুপার ভাইজার আব্দুল্লাহ আল মাছুম, প্রধান শিক্ষক ও শিক্ষক নেতা সৈয়দ জাকির হোসেন, গাংনী প্রেসক্লাবের সভাপতি রমজান আলীসহ উপজেলার মাধ্যমিক বিদ্যালয়ের সকল প্রধান শিক্ষকবৃন্দ।

এবারের প্রতিপাদ্য বিষয় ছিল “নকলকে না বলি, দিন বদলের দৃঢ় প্রত্যয়ে দেশকে গড়ে তুলি” সভায় এসএসসি পরীক্ষা কেন্দ্রগুলোকে সিসি ক্যামেরায় আনাসহ পরীক্ষার্থীদের বিভিন্ন অবৈধ কার্যকলাপ ও অপরাধের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

শিক্ষকদের মধ্য থেকে আলোচনায় অংশগ্রহণ করেন, করমদি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক শাহ আলম, আড়পাড়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুর রউফ স্বপন, জোড়পুকুরিয়া মাধ্যমিক

বিদ্যালয়ে প্রধান শিক্ষক হাসান আল নুরানী, হাড়াভাঙ্গা ডিএইচ দাখিল মাদ্রাসার সুপারিনটেনডেন্ট আব্দুর রাজ্জাক, রাইপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মিজানুর রহমান, জুগিন্দা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুর করিম, বাওট আদর্শ বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোস্তাফিজুর রহমান সংগ্রাম, গাংনী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক আশরাফুজ্জামান লালু প্রমুখ।

- নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরের কাজিপুর সীমান্ত থেকে ভারতীয় মদ উদ্ধার

মেহেরপুরের গাংনী উপজেলার কাজিপুর সীমান্ত ফাঁড়ি বিজেবি ভারতীয় মদ উদ্ধার করেছে।
গতকাল রবিবার ভোরের দিকে কাজিপুর সীমান্ত বিজিবির একটি টহল দল টহল থাকাকালীন অবস্থায় কাজিপুর মাঠ থেকে পরিত্যক্ত অবস্থায় ৩২ বোতল ভারতীয় মদ উদ্ধার করে।

কাজিপুর সীমান্ত ফাঁড়ির নায়েক সুবেদার আবুল হোসেন বলেন আমাদের একটি টহলদল কাজিপুর এলাকায় টহল থাকা অবস্থায় পরিত্যক্ত অবস্থায় মদ গুলো উদ্ধার করে।

- নিজস্ব প্রতিনিধি

দর্শনা প্রেসক্লাবে দৈনিক

সময়ের সমীকরণ পত্রিকার ৪র্থ প্রতিষ্ঠা বার্ষিকী পালিত

দর্শনা প্রেসক্লাবে দৈনিক সময়ের সমীকরণ পত্রিকার ৪র্থ প্রতিষ্ঠা বার্ষিকী পালিত হয়েছে।
প্রেসক্লাবের সভাপতি মনিরুজ্জামান ধীরুর সভাপতিত্বে এ প্রতিষ্ঠা বার্ষিকীর অনুষ্ঠানে কেক কেটে ও মিষ্টিমুখ করা হয়।

এসময় দৈনিক সময়ের সমীকরণ পত্রিকার সহ-সম্পাদক ও ব্যুরো প্রধান এবং দর্শনা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক আওয়াল হোসেন, সহকারী ব্যুরো প্রধান ওয়াসীম রয়েল উপস্থিত ছিলেন।

এছাড়া অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, দর্শনা প্রেসক্লাবের সহ-সভাপতি কামরুজ্জামান যুদ্ধ, অর্থ সম্পাদক জাহিদুল ইসলাম, দৈনিক ইনকিলাবের উপজেলা প্রতিনিধি নুরুল আলম বাকু, সাবেক সভাপতি ইকরামুল হক পিপুল, সাবেক সাধারণ সম্পাদক হারুন অর রশিদ রাজু, সাংবাদিক নজরুল ইসলাম, আকাশ খবরের ব্যুরো প্রধান এস এম ওসমান, সাবেক সাধারণ সম্পাদক চঞ্চল মেহমুদ, দৈনিক মেহেরপুর প্রতিদিনের ব্যুরো প্রধান আহসান হাবিব মামুন, সাংবাদিক সাব্বির আলিম ও মনজুর আহম্মেদসহ অন্যান সদস্যবৃন্দ।

- দর্শনা প্রতিনিধি

আলমডাঙ্গা প্রাইম পলেটেকনিক ইনস্টিটিউটে বিদায় সংবর্ধনা

আলমডাঙ্গা প্রাইম পলেটেকনিক ইনস্টিটিউটে বিদায় সংবর্ধনা, বৃত্তিপ্রদান ও বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্টানের বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণী সভা অনুষ্টিত হয়েছে।

গতকাল সকাল সাড়ে ৯টার দিকে প্রাইম পলেটেকনিক ইনস্টিটিউট চত্তরে অনুষ্টানে সভাপতিত্ব করেন ম্যানেজিং কমিটির সভাপতি সাবেক উপজেলা

চেয়ারম্যান মুক্তিযোদ্ধা হেলাল উদ্দিন।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা চেয়ারম্যান আইয়ুব হোসেন। তিনি বলেন বর্তমান সরকার কারিগরী শিক্ষার উপর জোর দিয়েছে, আমাদের মানব সম্পদকে মনব শক্তিতে রুপান্তরিত করতে কারীগরি শিক্ষার বিকল্প নেই।

বিদেশে যারা যাচ্ছে তাদের বেশির ভাগই অদক্ষ, যদি দক্ষ শ্রমিক হত তাহলে তাদের প্রতারিত হতে হত না।
সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান অ্যাড. সালমুন আহম্মেদ ডন, প্রতিষ্ঠানের পরিচলনা পরিষদের সদস্য সোনালী ব্যাংকের সাবেক ম্যানেজার সিরাজুল ইসলাম, উপজেলা আওয়ামী লীগের সহ-সভাপতি লিয়াকত আলী লিপু মোল্লা, প্রেসক্লাবের সভাপতি খন্দকার শাহ আলম মন্টু, সাধারণ সম্পাদক মুক্তিযোদ্ধা হামিদুল ইসলাম আজম, আলইকরা ক্যাডেট একাডেমীর অধ্যক্ষ এনামুল হক।

শিক্ষক এমদাদুল হকের উপস্থাপনায় বক্তব্য রাখেন ম্যানেজিং কমিটির সদস্য সাবেক রেলওয়ে স্টেশন মাষ্টার শামসুল হক টুকু, নাজমুল হোসেন পলাশ, কলেজিয়েট স্কুলের অধ্যক্ষ জামসিদুল হক মুনি, শিক্ষক সোহেলী নাশরিন, শাজাহান আলী, শামিম আহম্মেদ, সদস্য মকবুল হোসেন, পানিউন্নয়ন বোর্ডের সাবেক কর্মকর্তা আলী আকবর প্রমুখ।

মানপত্র পাঠ করেন রুবিনা খাতুন, ছাত্র, ছাত্রীদের মধ্যে বক্তব্য রাখেন মীর ফাহিম ফয়সাল, সমাপ্তি আরা প্রমুখ।

কলেজের শিক্ষার্থীরা একটি বাল্য বিয়ে নিয়ে নাটিকা করেন। সব শেষে শ্রেষ্ট শিক্ষার্থীদের পুরস্কৃত করা হয় এবং বৃত্তি প্রদান করা হয়েছে, এছাড়াও বার্ষিক ক্রীড়া প্রতিযোগীতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

- আলমডাঙ্গা প্রতিনিধি

গাংনীতে পেঁয়াজের বাজার আবারও অস্থির

মেহেরপুরের গাংনী বাজারে কতিপয় আড়তদারদের কারসাজিতে পেঁয়াজের বাজার আবারও অস্থির হয়ে উঠেছে। সাথে অন্যান্য সকল সবজির দাম সাধারণ ক্রেতাদের ক্রয় ক্ষমতার বাইরে চলে গেছে বলে জানা গেছে।

গতকাল শনিবার সরেজমিনে সবজি বাজার ঘুরে দেখা যায়, পেঁয়াজের দাম গত মঙ্গলবার থেকে শুক্রবার পর্যন্ত ছিল ১শ’৬০ থেকে ১শ’৮০ টাকা একদিনের ব্যবধানে সেই পেঁয়াজের দাম বেড়ে দাড়িয়েছে ২শ’২০ টাকা।

পেঁয়াজের মূল্যবৃদ্ধি সম্পর্কে এক ব্যবসায়ী বলেন পাইকারি আড়তদাররা আমাদের এই দামে বিক্রয় করতে বলেছে তবে পেঁয়াজ ক্রয়ের রশীদ চাইতে গেলে তারা রশীদ না দিয়ে তাদের নির্ধারিত দামে বিক্রয় করতে বাধ্য করেছে। ঐ ব্যবসায়ী সাংবাদিকদের বলেন, রশীদ চাইতে গেলে পাইকারি ব্যবসায়ী সাজেদুল ইসলাম সাফ জানিয়ে দিয়েছে রশীদ ছাড়া পেঁয়াজ নিলে নাও না হলে নিওনা।

পরে বাধ্য হয়েই রশীদ ছাড়াই পেঁয়াজ নিতে বাধ্য হয়েছে সেই ব্যবসায়ী। এছাড়াও কাঁচা ঝালের দাম গত সপ্তাহের চাইতে কেজি প্রতি ১০ টাকা করে বেড়ে দাড়িয়েছে কেজি প্রতি ৪০ টাকা।

এদিকে শীতের নতুন সবজিরও দাম পাল্লা দিয়ে বেড়ে চলেছে। খোঁজ নিয়ে দেখা যায়, আলু যেটা পুরাতন তার গত সপ্তাহের চাইতে প্রতি কেজি ৫টাকা হারে দাম বেড়ে গেছে। গত সপ্তাহে আলুর দাম ছিল কেজি প্রতি ২৫ টাকা এ সপ্তাহে বেড়ে দাড়িয়েছে ৩০টাকা কেজি। এদিকে নতুন আলুর দাম প্রতি কেজি বিক্রয় হচ্ছে ১শ’ টাকা করে।

বেগুনের দামও কেজি প্রতি ১০টাকা করে বেড়েছে। গত সপ্তাহে বেগুনের কেজি ছিল ৩০ টাকা কেজি। শীতের অন্যতম সবজি ফুল কপি গতসপ্তাহে কেজি প্রতি দাম ছিল ৩০ টাকা যা এক সপ্তাহের ব্যাবধানে এর দাম বেড়ে দাড়িয়েছে কেজি প্রতি ৬০ থেকে ৮০ টাকা।

এছাড়াও শীত কালীন প্রতিটি সবজির দাম বেড়েই চলেছে। এদিকে প্রায় প্রতিদিনই সবজির দাম বেড়ে যাওয়াতে মধ্যবিত্ত আয়ের লোকজন পড়েছে বিপাকে। সবজির হাটে ঢুকেই ক্রেতারা দাম শুনে নাভিশ্বাস অবস্থা দাড়িয়েছে।

ক্রেতারা তাদের নির্ধারিত বাজেটে কোন কিছুই ক্রয় করতে পারছেন না। একজন ক্রেতা জানান, শীতের মৌসুমে শীতের সবজির দাম যদি লাগাম ছাড়া হয় তাহলে মানুষ চলবে কিভাবে।
সবজি বিক্রেতা মন্টু জানান, শীতের শুরুতে সবজি ওঠা শুরু করেছে। বাজারে পর্যাপ্ত পরিমাণে আমাদানি হলেই সকল সবজির দাম নাগালের মধ্যে চলে আসবে।

উপজেলা নির্বাহী কর্মকর্তা দিলারা রহমান জানান, সকল সবজির বিষয়ে আমরা তদারকি করব। বিশেষ করে পেঁয়াজের মূল্যর বিষয়টি যদি কারও কারসাজি থাকে সেটা খতিয়ে দেখে ব্যবস্থা নেওয়া হবে।
বাজার মূল্যের এ লাগামছাড়া দামের বিষয়ে গাংনী উপজেলা চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক বলেন, গতকাল যুবলীগের কাউন্সিলের কারণে ঢাকায় এসেছি। হাতেগোনা চারজন পাইকারি ব্যবসায়ী অসৎ উপায়ে পেঁয়াজের দাম বাড়িয়েছে।

তিনি বলেন অসাধু ব্যবসায়ীরা মাল মজুদ করে প্রয়োজনের তুলনায় সামান্য পেঁয়াজ বাজার জাত করে কৌশলে দাম বাড়িয়েছে।

এম এ খালেক বলেন ঢাকা থেকে ফিরে আবারও বাজার মনিটরিং এ নেমে পেঁয়াজ ও অন্যান্য সবজি সহনীয় পর্যায়ে আনার চেষ্টা করব।

- এ সিদ্দিকী শাহীন, গাংনী